

সূত্র নং- ২৭.২১.১৯৩৩.৬৯১.৯৯.৬৭.১৮.১৩৪৯

তারিখঃ ১০/১০/২০১৮ খ্রিঃ

## বিদ্যুৎ সরবরাহ বিঘ্নের বিজ্ঞপ্তি

পিজিসিবি'র গ্রীড সংরক্ষণ বিভাগ (জিএমডি), কুমিল্লা'র আওতাধীন কুমিল্লা (দঃ) গ্রীড উপকেন্দ্রের '১৩২ কেভি বাস' এর জরুরি সংরক্ষণ কাজের জন্য আগামীকাল ১৩/১০/২০১৮খ্রিঃ, শনিবার, সকাল ০৬ঃ০০ ঘটিকা হতে বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত এবং বিকাল ০৩ঃ৩০ ঘটিকা হতে বিকাল ০৪ঃ০০ ঘটিকা পর্যন্ত গ্রীড উপকেন্দ্রটি বন্ধ রাখা হবে। ফলে বর্ণিত সময়ে উক্ত গ্রীড উপকেন্দ্রের সঙ্গে যুক্ত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ও ৪ এর আওতাধীন এলাকা লালমাই, মনোহরগঞ্জ, নাঙ্গলকোট, সদর দক্ষিণ, আদর্শ সদর ও চৌদ্দগ্রাম উপজেলায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।

উন্নয়নমূলক কাজের প্রয়োজনে জনসাধারণের সাময়িক অসুবিধার জন্য পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ দুঃখিত।

মোহাম্মদ জসিম উদ্দিন  
নির্বাহী প্রকৌশলী, জিএমডি, কুমিল্লা